



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

সেপ্টেম্বর ১৯, ২০২৪

প্রশিকার নামে প্রকাশিত ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তির প্রতিবাদ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র কর্তৃক পরিচালিত 'প্রশিকা (গণশিক্ষা প্রকল্প) ও মানবিক উন্নয়ন কেন্দ্র' নামের কোনো প্রকল্প নেই। প্রশিকার লোগো এবং লিয়াঁজো অফিসের ঠিকানা, বিপিএমআই ভবন ২১৩-২১৪ (৪র্থ তলা), শাহ আলী বাগ, বড়বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬ ব্যবহার করে কে বা কারা তারিখ বিহীন একটি ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে যা অদ্য ১৯.০৯.২০২৪ তারিখে Facebook-এর মাধ্যমে আমাদের দৃষ্টিগোচর হয়। উক্ত ভুয়া, বানোয়াট ও মিথ্যা তথ্য সম্বলিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে থানা শিক্ষা পরিদর্শক, কম্পিউটার অপারেটর ও শিক্ষক/শিক্ষিকা পদের জন্য আবেদন আহ্বান করেছে। এছাড়া প্যানেল সুপারভাইজার সেলিম খান নামের কোনো কর্মী বা ব্যবস্থাপক প্রশিকার নিয়োগ সংক্রান্ত কাজে দায়িত্বরত নেই। প্রশিকার সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করা এবং অসৎ উদ্দেশ্যে জনসাধারণের সাথে প্রতারণার আশ্রয় নিয়ে এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য বলা হলো। এই নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে আবেদন করে কেউ প্রতারণিত হলে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র কোনো প্রকার দায়ভার নেবে না। এ প্রেক্ষিতে চাকুরি প্রত্যাশী সকল আবেদনকারীকে সতর্ক থাকার জন্য বলা হলো।

এখানে উল্লেখ্য যে, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র কর্তৃক যে কোনো উৎসে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা অবশ্যই প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের ওয়েবসাইট www.proshika.bd.com এবং প্রশিকার অফিসিয়াল পেইজ "Proshika - প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র" -এ সর্বপ্রথম প্রকাশিত হয়। সেখান থেকে কেউ ব্যক্তিগত পেইজ-এ তা শেয়ার করে বা কপি করে পোস্ট করে থাকে।

এক্ষেত্রে বলা বাহুল্য যে, অস্তিত্ববিহীন নিয়োগ বিজ্ঞপ্তি সম্পূর্ণরূপে ভুয়া এবং উদ্দেশ্য প্রণোদিত। কাজেই এ ধরনের ভুয়া এবং অসৎ উদ্দেশ্যে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি থেকে সকলকে সাবধান থাকার জন্য বলা হলো।

ধন্যবাদ।

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

সূত্র নং : এইচআরডি/২০২৪/৫৯৪